



নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.২৫.২৪৪৮

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩৩
০১ অক্টোবর ২০২৬

বিষয়: অক্টোবর ২০২৬ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০১ অক্টোবর ২০২৬ দুপুর ০১.৪৫ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, সেপ্টেম্বর ২০২৬ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ ছিল:

বিভাগ/দেশ	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:)	বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি (%)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা
ঢাকা	২৬৩	২৩১	-১২.২%	১৮	১৮
ময়মনসিংহ	৩২১	১৯৭	-৩৮.৫%	১৮	১৭
চট্টগ্রাম	৩৪৫	২৮৬	-১৭.১%	২২	১৬
সিলেট	৩৭১	২০৭	-৪৪.৩%	২৩	১৮
রাজশাহী	২৬৭	২০২	-২৪.২%	১৮	১৬
রংপুর	৩৮৩	২৩৮	-৩৮.০%	২০	১৬
খুলনা	২৭৭	৩১০	+১২.০%	১৮	১৯
বরিশাল	৩২৮	৩২৩	-১.৬%	২২	১৭
সারাদেশ	৩১৯	২৬২	-১৭.৯%	২০	১৭

সেপ্টেম্বর ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-১৭.৯%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। খুলনা বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশি, বরিশাল বিভাগে স্বাভাবিক এবং অন্যান্য বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেপ্টেম্বর ২০২৬ মাসে বঙ্গোপসাগরে তিনটি লঘুচাপ তৈরি হয়, যার মধ্যে দুটি মৌসুমী নিম্নচাপে পরিণত হয়। প্রথম লঘুচাপটি, ১০ সেপ্টেম্বর ২০২৬ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় তৈরি হয়। পরবর্তীতে লঘুচাপটি ১৩ সেপ্টেম্বর ২০২৬ এটি দক্ষিণ ছত্রিশগড় ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করে এবং গুরুত্বহীন হয়ে পড়ে। দ্বিতীয় লঘুচাপটি, ১৯ সেপ্টেম্বর ২০২৬ উত্তর আন্দামান সাগর এবং তৎসংলগ্ন এলাকায় তৈরি হয়। ২০ সেপ্টেম্বর ২০২৬ এটি ঘণীভূত হয়ে পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর আন্দামান সাগরে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। ২১ সেপ্টেম্বর ২০২৬ এটি আরও ঘণীভূত হয়ে পশ্চিমমধ্য ও তৎসংলগ্ন উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় নিম্নচাপে পরিণত হয়। ২৩ সেপ্টেম্বর ২০২৬ নিম্নচাপটি আরও ঘণীভূত হয়ে উত্তরপশ্চিম ও তৎসংলগ্ন পশ্চিমমধ্য বঙ্গোপসাগর এলাকায় গভীর নিম্নচাপে পরিণত হয়। ২৬ সেপ্টেম্বর ২০২৬ এটি ভারতের উত্তর অন্ধ্রপ্রদেশ-দক্ষিণ উড়িষ্যা উপকূল অতিক্রম করে। ২৭ সেপ্টেম্বর ২০২৬ এটি দুর্বল হয়ে উড়িষ্যা এবং তৎসংলগ্ন এলাকায় স্থল নিম্নচাপ আকারে অবস্থান করে ও এটি পরবর্তীতে বৃষ্টি বরিয়ে দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। তৃতীয় লঘুচাপটি, ২৮ সেপ্টেম্বর ২০২৬ দক্ষিণ উপকূলীয় মিয়ানমার ও তৎসংলগ্ন এলাকায় তৈরি হয়ে উত্তর আন্দামান সাগর ও তৎসংলগ্ন মিয়ানমার উপকূলে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয় এবং পরবর্তীতে আরও ঘণীভূত হয়ে নিম্নচাপে পরিণত হয়। ২৯ সেপ্টেম্বর ২০২৬ এটি ঘণীভূত হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয় এবং উত্তর আন্দামান সাগর ও তৎসংলগ্ন মিয়ানমার উপকূল অতিক্রম করে দুর্বল হয়ে মিয়ানমার ও তৎসংলগ্ন উত্তর বঙ্গোপসাগর এলাকায় স্থল নিম্নচাপ আকারে অবস্থান করে। ৩০ সেপ্টেম্বর ২০২৬ এটি দুর্বল হয়ে সুস্পষ্ট লঘুচাপ আকারে উত্তর মিয়ানমার, দক্ষিণপূর্ব বাংলাদেশ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করে এবং পরবর্তীতে ক্রমান্বয়ে দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। সক্রিয় মৌসুমী বায়ু প্রবাহ, সুস্পষ্ট লঘুচাপ ও নিম্নচাপের প্রভাবে ভারী থেকে অতি ভারী বর্ষণসহ দেশে বিক্ষিপ্তভাবে মাসের অধিকাংশ সময় বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় দৈনিক সর্বোচ্চ বৃষ্টিপাত ১৪২ মি.মি. সিলেটে রেকর্ড (১১ সেপ্টেম্বর ২০২৬) করা হয়। দেশে বিক্ষিপ্তভাবে ১৪-১৯, ২১-২২ ও ২৮-২৯ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত মৃদু তাপপ্রবাহ বয়ে যায়। সেপ্টেম্বর মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.৬°সে. সিলেটে (২৮ সেপ্টেম্বর ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ২১.৪°সে. নারায়ণগঞ্জে (২০ সেপ্টেম্বর ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ১.০°সে., ০.৩°সে. ও ০.৬°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপপ্রবাহ, বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা সেপ্টেম্বর ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উদ্ভীকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক অক্টোবর ২০২৬ এর পূর্বাভাস নিয়ে প্রদত্ত হলো:

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা	অক্টোবর ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%)
ঢাকা	১৬০	১৩০-১৬০	১৫	১৩-১৫	৩০-৪০
ময়মনসিংহ	১৮০	১৫০-১৮০	১৬	১৩-১৬	৩৫-৪৫
চট্টগ্রাম	২১৬	১৯০-২১০	১৪	১২-১৪	৩০-৪০
সিলেট	১৮২	১৫০-১৮০	১৮	১৫-১৮	৩৫-৪৫
রাজশাহী	১৩৪	১১০-১৩০	১৫	১৩-১৫	২৫-৩৫
রংপুর	১৫৫	১২০-১৫০	১৬	১৩-১৬	৩০-৪০
খুলনা	১৫০	১১০-১৫০	১৬	১৩-১৬	২৫-৩৫
বরিশাল	২২৭	২১০-২২০	১৭	১৪-১৭	৩০-৪০

১. বৃষ্টিপাত: এ মাসে দেশে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. নিম্নচাপ: বঙ্গোপসাগরে ২-৩ টি লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার মধ্যে ০১(এক) টি নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে।
৩. মৌসুমী বায়ু: এ মাসের প্রথমার্ধে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু (বর্ষা) বাংলাদেশ থেকে পর্যায়ক্রমে বিদায় নিতে পারে।
৪. বজ্রঝড়: এ মাসে দেশে ৩-৪ দিন বজ্রঝড় হতে পারে।
৫. তাপমাত্রা: এ মাসের দ্বিতীয়ার্ধে দিন ও রাতের তাপমাত্রা ক্রমান্বয়ে হ্রাস পেতে পারে তবে দিন এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৬. নদ-নদীর অবস্থা: অক্টোবর মাসে দেশের প্রধান নদ-নদীসমূহের স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে; তবে ভারি বৃষ্টিপাত জনিত কারণে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় অঞ্চলের কিছু কিছু স্থানে পানি সমতল সাময়িক ভাবে দ্রুত বৃদ্ধি পেতে পারে।
৭. কৃষি আবহাওয়া: এ মাসে দেশে দৈনিক গড় বাষ্পীভবন ২.০-৪.০ মি.মি. এবং গড় উজ্জ্বল সূর্যকিরণকাল ৪.০-৬.০ ঘন্টা থাকতে পারে।

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইমেইল: minister@moa.gov.bd


০২/১০/২৬
(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secy@cabinet.gov.bd
৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রাশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd